

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ

বিসমিল্লাহি রহমানির রহীম

আজকের আলোচনার বিষয়বস্তু: "সূরা আল কাফিরুন ।" এই সূরাটি মক্কায় অবতীর্ণ হয় । এই সূরায় ৬টি আয়াত রয়েছে।

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরা আল-কাফিরুন ১০৯:১ থেকে ৬



(সূরা আল-কাফিরুন ১০৯:১)



(সূরা আল-কাফিরুন ১০৯:২)



(সূরা আল-কাফিরুন ১০৯:৩)



(সূরা আল-কাফিরুন ১০৯:৪)



(সূরা আল-কাফিরুন ১০৯:৫)



(সূরা আল-কাফিরুন ১০৯:৬)

অর্থ হচ্ছে:

১. (হে নবী) বলে দাও, হে কাফেররা।
২. আমি তাদের ইবাদত করি না যাদের ইবাদাত তোমরা কর।
৩. আর না তোমরা তার ইবাদাত করো যার ইবাদত আমি করি।
৪. আর না আমি তাদের ইবাদত করব যাদের ইবাদাত তোমরা করে আসছো।
৫. আর না তোমরা তার ইবাদাত করবে যার ইবাদত আমি করি।
৬. তোমাদের দীন তোমাদের জন্য এবং আমার দীন আমার জন্য।

## তাফহীমুল কুরআনের ব্যাখ্যা

মক্কার কুরাইশরা প্রায়ই রাসূলুল্লাহ (স:) এর কাছে আপোসের ফরমুলা নিয়ে হাজির হতো। হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস বর্ণনা করেন, কুরাইশরা রাসূল (স:) বললো: আপনাকে এত বেশি পরিমাণ ধন-সম্পদ দেব যার ফলে আপনি মক্কার সবচেয়ে ধনাঢ্য ব্যক্তি হয়ে যাবেন। যে মেয়েটিকে আপনি পছন্দ করবেন তার সাথে আপনার বিয়ে দিয়ে দেবো। আমরা আপনার পিছনে চলতে প্রস্তুত। আপনি শুধু আমাদের একটি কথা মেনে নেবেন- আমাদের উপাস্যদের নিন্দা করা থেকে বিরত থাকবেন। এ প্রস্তাবটি আপনার পছন্দ না হলে আমরা আর একটি প্রস্তাব পেশ করছি। এ প্রস্তাবে আপনার লাভ এবং আমাদের লাভ। রাসূল (স:) জিজ্ঞেস করলেন, সেটি কি? এক বছর আপনি আমাদের উপাস্যদের ইবাদত করবেন এবং আমরাও এক বছর আপনার উপাস্যের ইবাদত করব। রাসূল (স:) বললেন, থামো! আমি দেখি আমার রবের পক্ষ থেকে কি হুকুম আসে।

قُلْ أَفَغَيْرَ اللَّهِ تَأْمُرُونِي أَعْبُدُ أَيُّهَا الْجَاهِلُونَ

"ওদের বলে দাও, হে মূর্খের দল! তোমরা কি আমাকে বলছো, আল্লাহ ছাড়া আমি আর কারো ইবাদত করব?"

এই সূরা আল কাফিরূনের বক্তব্য স্পষ্ট- "তোমাদের দীন তোমাদের জন্য এবং আমার দীন আমার জন্য।" কোনো আপোস ফরমুলা সুযোগ নেই। এ প্রসঙ্গে অনেক আয়াত রয়েছে। কয়েকটি নিচে উল্লেখ করা হলো:

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরা ইউনুস ১০:৪১ এবং ১০৪



এবং তাহারা যদি তোমার উপর মিথ্যা আরোপ করে তো তুমি বলিও, আমার কর্মের দায়িত্ব আমার এবং তোমাদের কর্মের দায়িত্ব তোমাদের। আমি যাহা করি সে বিষয়ে তোমরা দায়মুক্ত এবং তোমরা যাহা কর সে বিষয়ে আমিও দায়মুক্ত। (সূরা ইউনুস ১০:৪১)

قُلْ يَا أَيُّهَا النَّاسُ إِن كُنْتُمْ فِي شَكِّ مِّنْ دِينِي فَلَا أَعْبُدُ الَّذِينَ  
تَعْبُدُونَ مِن دُونِ اللَّهِ وَلَكِن أَعْبُدُ اللَّهَ الَّذِي يَتَوَفَّكُمُ ۗ  
وَأُمِرْتُ أَنْ أَكُونَ مِنَ الْمُؤْمِنِينَ ﴿١٠٨﴾

বল, হে মানুষ! তোমরা যদি আমার দিনের প্রতি সংশয়যুক্ত হও তবে জানিয়া রাখ, তোমরা আল্লাহ ব্যতীত  
যাহাদের 'ইবাদাত কর আমি উহাদের ইবাদাত করি না। পরন্তু আমি ইবাদাত করি আল্লাহর যিনি তোমাদের  
মৃত্যু ঘটান এবং আমি মুমীনেদের অন্তর্ভুক্ত হইবার জন্য আদিষ্ট হইয়াছি। (সূরা ইউনুস ১০:১০৪)

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরা সূরা শুআরা ২৬:২১৬

فَإِنْ عَصَوْكَ فَقُلْ إِنِّي بَرِيءٌ مِّمَّا تَعْمَلُونَ ﴿٢١٦﴾

উহারা যদি তোমার অবাধ্যতা করে, তুমি বলিও, 'তোমরা যাহা করো তাহা হইতে আমি দায়মুক্ত'। (সূরা  
শুআরা ২৬:২১৬)

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরা ক্বাসাস ২৮:৫৫

وَإِذَا سَمِعُوا اللَّغْوَ أَعْرَضُوا عَنْهُ وَقَالُوا لَنَا أَعْمَالُنَا وَنَحْمُكُمْ  
أَعْمَالُكُمْ سَلَّمَ عَلَيْكُمْ لَا نَبْتَغِي الْجَاهِلِينَ ﴿٥٥﴾

উহারা যখন অসার বাক্য শ্রবণ করে তখন উহারা তাহা উপেক্ষা করিয়া চলে এবং বলে, 'আমাদের কাজের ফল আমাদের জন্য এবং তোমাদের কাজের ফল তোমাদের জন্য; তোমাদের প্রতি "সালাম"। আমরা অজ্ঞদের সঙ্গ চাহি না।' (সূরা ক্বাসাস ২৮:৫৫)

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরা সবা ৩৪:২৫

قُلْ لَا تَسْأَلُونَنَا عَمَّا آجْرَمْنَا وَلَا نَسْأَلُكُمْ عَمَّا تَعْمَلُونَ ﴿٢٥﴾

বলো, 'আমাদের অপরাধের জন্য তোমাদেরকে জবাবদিহি করতে হইবে না এবং তোমরা যাহা কর সে সম্পর্কে আমাদেরকেও জবাবদিহি করিতে হইবে না।' (সূরা সবা ৩৪:২৫)

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরা জুমার ৩৯:২

إِنَّا أَنْزَلْنَا إِلَيْكَ الْكِتَابَ بِالْحَقِّ فَاعْبُدِ اللَّهَ مُخْلِصًا لَهُ الدِّينَ ﴿٢﴾

আমি তোমার নিকট এই কিতাব সত্যসহ অবতীর্ণ করিয়াছি। সুতরাং, আল্লাহর ইবাদাত করো যে তাহার আনুগত্যে বিশুদ্ধচিত্ত হইয়া। (সূরা জুমার ৩৯:২)

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরা বায়্যিনাহ ৯৮:৫

وَمَا أُمْرُوا إِلَّا لِيَعْبُدُوا اللَّهَ مُخْلِصِينَ لَهُ الدِّينَ ۗ حُنَفَاءَ وَ  
يُقِيمُوا الصَّلَاةَ وَيُؤْتُوا الزَّكَاةَ وَذَلِكَ دِينُ الْقَيِّمَةِ ۗ

তাহারা তো আদিষ্ট হইয়াছিল আল্লাহর আনুগত্যে বিশুদ্ধচিত্ত হইয়া একনিষ্ঠভাবে তাহার ইবাদাত করিতে এবং সালাত কায়েম করিতে ও যাকাত দিতে ইহাই সঠিক দীন। (সূরা বায়্যিনাহ ৯৮:৫)

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা, আসুন আমরা আমাদের আমূল সহিহ করে নেই। একনিষ্ঠভাবে এক আল্লাহর ইবাদত করি। তার সাথে কাউকে শরীক না করি। কাফির, মুশরিকদের কর্মকান্ড অনুসরণ না করি।

আল্লাহ আমাদের সাহায্য করুন।

আমীন

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

Click here <http://www.morningbrightness.fi/>